



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০৯৩

রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা অনুষ্ঠিত

রাজশাহী; ০১ কার্তিক (১৭ অক্টোবর):

রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা আজ বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর এর সভাপতিত্বে তাঁর কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। বিভিন্ন সরকারি দপ্তরের বিভাগীয় প্রধান এবং বিভাগের ৮ জেলার জেলা প্রশাসকগণ সভায় অংশগ্রহণ করেন।

সভাপতির বক্তব্যে বিভাগীয় কমিশনার শিক্ষক ও অবকাঠামো ছাড়াই মেডিকেল কলেজ ও ম্যাটস এর মতো প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তি করার ফলে পরবর্তীতে যেন জটিলতা সৃষ্টি না হয়, সে দিকে স্বাস্থ্য বিভাগকে লক্ষ্য রাখতে বলেন।

খাদ্য বিভাগের বিতরণকৃত চাল যেন পুনরায় খাদ্যগুণদামে না আসে, সে জন্য তিনি জেলা প্রশাসক ও খাদ্য বিভাগের কর্মকর্তাদের মনিটরিং বাড়ানোর নির্দেশ দেন।

উত্তরবঙ্গকে খাদ্যভাণ্ডার উল্লেখ করে সভাপতি কৃষি বিভাগকে সর্বোচ্চ খাদ্য উৎপাদনে সচেষ্ট হওয়ার অনুরোধ জানান। তিনি গণপূর্ত দপ্তরকে মডেল মসজিদগুলোর কাজ দ্রুত শেষ করার তাগিদ প্রদান করেন এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের পূর্বেই নির্বাচনকেন্দ্রে যাতায়াতের রাস্তাগুলো দ্রুত মেরামত ও কেন্দ্রগুলোর বিদ্যুৎ সংযোগ নিশ্চিত করতে জেলা প্রশাসন, এলজিইডি ও নির্বাচন অফিসকে অনুরোধ করেন।

জয়পুরহাট জেলার সোনালি মুরগি পাকিস্তানের মুরগি হিসেবে বাজারে বিক্রি হয় উল্লেখ করে তিনি এ ব্যাপারে প্রাণিসম্পদ বিভাগকে সঠিক তথ্য প্রচারের নির্দেশনা প্রদান করেন।

সভায় স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে জানানো হয়, রাজশাহী বিভাগে ডেঙ্গুর প্রকোপ কিছুটা কমে এসেছে। প্রতিটি জেলায় ৫০টি করে অ্যান্টিভেনাম সরবরাহ করা হয়েছে। বিভিন্ন এনজিও নানা ধরনের ভ্যাকসিন দিচ্ছে যার মান নিয়ন্ত্রণ করা যায় না- এমন মন্তব্য করে স্বাস্থ্য বিভাগ থেকে এসব ভ্যাকসিন গ্রহণ নিরুৎসাহিত করতে বলা হয়েছে।

খাদ্য সংগ্রহ, খাদ্য মজুত এবং বিভিন্ন খাদ্যবান্ধব কর্মসূচির মাধ্যমে যে খাদ্য বিতরণ হয় তা সন্তোষজনক পর্যায়ে রয়েছে মর্মে খাদ্য বিভাগ থেকে জানানো হয়েছে।

কৃষি বিভাগ জানিয়েছে, সাম্প্রতিক অতিবৃষ্টিতে বিভাগের ৬ হাজার ৮০০ হেক্টর আবাদি জমি পানিতে নিমজ্জিত হয়েছে তবে সার্বিকভাবে ফসলের অবস্থা ভালো।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২৩/১৬.২০ঘ.